

এখন

এখন নিজেই গড়ে নিচ্ছি
 নিজের শরীর
 পাল্টেও নিচ্ছি নিজের মত করে
 যেমন এ মুহূর্তে বালি দিয়ে
 বানিয়েছি হৃৎপিণ্ড
 মস্তিষ্কে ভরেছি বাতাস
 দাণ ইলাস্টিক করে
 গড়েছি হাতদুটো
 যাতে ইচ্ছেমত প্রসারিত করতে
 বা গুটিয়ে নিতে পারি

পা দুটো যেহেতু মোমের
 তাই উত্তাপ এড়িয়ে চলছি এখন
 অথচ কিছুদিন আগে
 আমার পা বলতে ছিল দুটো বর্শা
 পছন্দসই জমিতে তাই নিজেকে
 গেঁথে রাখতে পেরেছিলাম ইচ্ছে মত
 একটার পর একটা বুদ্ধি সাজিয়ে
 অতি যত্নে গড়ে তুলেছি এই মেদন্ড
 এবং চোখজোড়া খুলে রেখেছি আপাতত।
 শরীরটাকে এভাবেই
 ভেঙ্গে গড়ে চলাফেরা করছি আজকাল,
 স্বাচ্ছন্দ্যে।

অনীক চট্টোপাধ্যায়



